



**WEST BENGAL STATE UNIVERSITY**

B.A. Honours Part-III Examination, 2020

**PHILOSOPHY**

**PAPER-PHIA-VIII**

Time Allotted: 2 Hours

Full Marks: 50

*The figures in the margin indicate full marks.  
Candidates should answer in their own words  
and adhere to the word limit as practicable.*

*প্রাঙ্গিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।  
পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে  
উত্তর করিবে।*

*All symbols are of usual significance.*

**GROUP-A**

**(Full Marks-25)**

বিভাগ-ক

(পূর্ণমান-২৫)

**Answer any one Optional Paper**

যে-কোনো একটি ঐচ্ছিক পত্রের উত্তর দাও

**(Vedāntasāra / বেদান্তসার)**

**Answer Question No. 1 and any one from the rest**

১ নং প্রশ্ন ও অপর যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও

1. Answer any *two* questions from the following within 150 words each: 5×2 = 10  
নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর প্রতিটি ১৫০ শব্দের মধ্যে দাওঃ
- (a) What is the distinction between Prājña Caitanya and Turiya Caitanya?  
প্রাজ্ঞ চৈতন্য ও তুরীয় চৈতন্যের মধ্যে পার্থক্য কী ?
- (b) What is 'anubandha'?  
'অনুবন্ধ' কি ?
- (c) Distinguish between Jivanmukti and Videhamukti.  
জীবনমুক্তি ও বিদেহমুক্তির মধ্যে পার্থক্য নির্ণয় করো।
- (d) Distinguish between Vastu and Avastu.  
বস্তু ও অবস্তুর মধ্যে পার্থক্য করো।
- (e) What is Nimitta Kāraṇa?  
নিমিত্ত কারণ কী ?
- (f) Distinguish between Parināma and Vivarta.  
পরিণাম ও বিবর্তের মধ্যে পার্থক্য করো।
- (g) Distinguish between Swarupa lakṣaṇa and Tatastha lakṣaṇa.  
স্বরূপ লক্ষণ ও তটস্থ লক্ষণের মধ্যে পার্থক্য করো।
- (h) Distinguish between Savikalpaka and Nirvikalpaka Samādhi.  
সবিকল্পক ও নির্বিকল্পক সমাধির মধ্যে পার্থক্য করো।

2. (a) What is meant by 'Tātparyā' of a sentence? 5+10  
বাক্যের 'তাৎপর্য' বলতে কী বোঝায় ?  
(b) Explain the six marks through which tātparyā can be determined.  
তাৎপর্যের নির্ণায়ক ছয়টি লিঙ্গের পরিচয় দাও।
3. (a) Explain the means of attaining nirvikalpaka samādhi. 11+4  
নির্বিকল্পক সমাধিলাভের উপায়সমূহ ব্যাখ্যা করো।  
(b) When does a yogin attain nirvikalpaka samādhi?  
সাধক কখন নির্বিিকল্পক সমাধি প্রাপ্ত হয় ?
4. What are Sādhana Catustaya? Explain in detail any one of them. 4+11  
সাধন চতুষ্টয়গুলি কী কী ? যে-কোনো একটির সবিস্তার আলোচনা করো।
5. Define Ajñāna and discuss the significance of each of the components. 15  
অজ্ঞানের লক্ষণ দাও। লক্ষণস্থিত প্রত্যেকটি পদের সার্থকতা আলোচনা করো।

(Ryle / রাইল)

Answer Question No. 1 and any *one* from the rest within 600 words

১নং প্রশ্ন ও অপর যে-কোনো একটি প্রশ্নের উত্তর ৬০০ শব্দের মধ্যে দাও

1. Answer any *two* questions from the following within 150 words each: 5×2 = 10  
নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর প্রতিটি ১৫০ শব্দের মধ্যে দাওঃ
- (a) Give a brief account of Ryle's theory of self.  
রাইলের 'আত্মা' তত্ত্বের সংক্ষিপ্ত বর্ণনা দাও।
- (b) What is 'Category mistake' according to Ryle?  
রাইলের মতে 'শ্রেণীগত ভ্রান্তি' কাকে বলে ?
- (c) What is meant by 'single-track' and 'multi-track disposition'?  
একমুখী ও বহুমুখী প্রবণতা বলতে কী বোঝায় ?
- (d) What are the two types of explanation, according to Ryle?  
রাইলের মতে দুই প্রকার ব্যাখ্যা কী কী ?
- (e) Give a brief account of Descartes's Mind-body theory of Interactionism.  
দেকার্তের দেহ-মন মিথাক্রিয়াবাদটির সংক্ষিপ্ত বিবরণ দাও।
- (f) Explain briefly after Ryle, what is "dispositional statement".  
রাইল' কে অনুসরণ করে "প্রবণতাসূচক বাক্যের" সংক্ষিপ্ত ব্যাখ্যা দাও।
- (g) Explain briefly the concept of volition, after Ryle.  
রাইল'-কে অনুসরণ করে 'প্রবৃত্তির' ধারণা সংক্ষেপে আলোচনা করো।
- (h) Discuss, in brief, the notion of 'retrospection' in relation to self-knowledge.  
আত্মজ্ঞানের প্রেক্ষিতে "পশ্চাৎদর্শনের" মতবাদটি আলোচনা করো।

2. Distinguish between knowing-how and knowing-that. Is intelligence a kind of knowing-how? 10+5  
কৌশল জ্ঞান ও বাচনিক জ্ঞানের মধ্যে পার্থক্য করো। বুদ্ধি কি কৌশল জ্ঞান? – ব্যাখ্যা করো।
3. Enumerate the nature of Consciousness, after Ryle. 15  
রাইলকে অনুসরণ করে চেতনার স্বরূপ আলোচনা করো।
4. What is the difference between Voluntary and Involuntary actions, according to Ryle? State Ryle's arguments against Cartesian notion of volition. 8+7  
রাইলের মতে, ঐচ্ছিক ও অনৈচ্ছিক ক্রিয়ার মধ্যে পার্থক্য করো। এই প্রসঙ্গে প্রবৃত্তি সংক্রান্ত কার্তেজীয় ধারণার বিরুদ্ধে রাইলের যুক্তি আলোচনা করো।
5. What does Ryle mean by 'intellectualist legend'? How does he criticise this legend with the analogy of the dogma of the 'ghost in the machine'? 5+10  
'বৌদ্ধিক রূপকথা' বলতে রাইল' কী বুঝিয়েছেন? 'যন্ত্র-মধ্যস্থ ভূত' উপমার সাহায্যে রাইল' কীভাবে এর বিরোধিতা করেছেন?

(Logic / তর্কবিদ্যা)

Answer Question No. 1 and any one from Section-I or Section-II

১নং প্রশ্ন আবশ্যিক, এছাড়াও খণ্ড-১ অথবা খণ্ড-২ থেকে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও

1. Answer any *two* questions from the following: 5×2 = 10  
নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও:
- (a) Prove that there is one and only one empty set.  
প্রমাণ করো যে শূন্য শ্রেণী একটি এবং কেবলমাত্র একটিই।
- (b) Explain the difference between  $A \cup B$  and  $A \cap B$  using examples.  
উদাহরণসহ  $A \cup B$  এবং  $A \cap B$  -এর পার্থক্য করো।
- (c) What is counter example? Give an example.  
বাধক দৃষ্টান্ত কাকে বলে? একটি উদাহরণ দাও।
- (d) In the following example decide which of the following statements are true:  
নিম্নলিখিত দৃষ্টান্তটির ক্ষেত্রে নিম্নের কোন বিবৃতিটি সত্যতা নির্ণয় করো:  
 $A \in B$   $A \subseteq B$   $A = B$ .  
 $A$  = the set of positive integers.  
 $B$  = the set of positive and negative integers.  
 $A$  = সদর্শক সংখ্যার সেট।  
 $B$  = সদর্শক ও নঞর্শক সংখ্যার সেট।
- (e) Show, how the truth tree method can be used to test consistency of statements.  
সত্যশাখা পদ্ধতির সাহায্যে কীভাবে বাক্যের সংগতি নির্ণয় করা যায় দেখাও।

- (f) Give an example of two sets, A and B such that A is both a member of B and subset of B.  
দুটি সেট A এবং B-এর এমন একটি দৃষ্টান্ত দাও যেখানে A B-এর সদস্য ও একই সাথে উপশ্রেণী (subset)।
- (g) Discuss briefly the paradoxes of C.I. Lewis's theory of entailment.  
প্রসঙ্গি সম্পর্কে C.I. Lewis-এর মতবাদের কূটাভাসগুলি সংক্ষেপে আলোচনা করো।
- (h) Explain the relation of transitive, intransitive and non-transitive with example.  
সংক্রামক, বিসংক্রামক এবং অসংক্রামক সম্বন্ধ উদাহরণ সহযোগে ব্যাখ্যা করো।

SECTION-I / খণ্ড-১

2. (a) Translate the following sentences using set theoretic notation: 3  
নিম্নলিখিত বাক্যগুলিকে সেট লিপিতে ব্যক্ত করোঃ
- (i) Apples and oranges are fruits.  
আপেল ও কমলালেবু হলো ফল।
- (ii) All are not saints who go to the church.  
যারা গীর্জায় যায় তারা সকলেই সাধু ব্যক্তি নয়।
- (iii) No witness is both sane and a liar.  
কোনো সাক্ষীই একসাথে প্রকৃতিস্থ ও মিথ্যাবাদী নয়।
- (b) If  $A = \{1, 2, 3, 4\}$ ,  $B = \{2, 4, 6, 8\}$ ,  $C = \{3, 4, 5, 6\}$  then find out the following sets: 2+2  
যদি  $A = \{1, 2, 3, 4\}$ ,  $B = \{2, 4, 6, 8\}$ ,  $C = \{3, 4, 5, 6\}$  হয়, তবে নিম্নলিখিত সেটগুলি নির্ণয় করোঃ
- (i)  $(A \cup B) \sim C$  (ii)  $(B \sim A) \cap (A \sim C)$
- (c) What is complimentary set? 2  
পরিপূরক সেট কাকে বলে ?
- (d) Which of the following statements are true? If false, give counter example. 2  
নিম্নলিখিত বাক্যগুলির মধ্যে কোনগুলি সত্য ? যদি কোনগুলি মিথ্যা হয়, তাহলে বিরুদ্ধ দৃষ্টান্ত দাও।
- (i) If  $A \in B$  and  $B \not\subseteq C$ , then  $A \notin C$   
যদি  $A \in B$  এবং  $B \not\subseteq C$  হয়, তবে  $A \notin C$
- (ii) If  $A \subseteq B$  and  $B \in C$ , then  $A \notin C$ .  
যদি  $A \subseteq B$  এবং  $B \in C$  হয়, তবে  $A \notin C$ ।
- (e) Give the different forms of the relation 'included in' and distinguish the different forms with examples. 4  
অন্তর্ভুক্তির সম্বন্ধের বিভিন্ন আকারগুলি লেখো এবং দৃষ্টান্ত সহকারে এই আকারগুলির মধ্যে পার্থক্য নিরূপণ করো।

3. (a) Let  $A = \{\text{Madison, Pickney, 2}\}$ ,  $R = \{< 1, 1 >, <\text{Madison, Pickney}>, < 1, 2 >\}$  then classify the relation according to the properties they do or do not have (eg-reflexive, symmetric, not asymmetric, not transitive etc.). 5

যদি  $A = \{\text{Madison, Pickney, 2}\}$  এবং  $R = \{< 1, 1 >, <\text{Madison, Pickney}>, < 1, 2 >\}$  হয়, তবে ধর্ম বা property-র ভিত্তিতে এই সম্বন্ধ ব্যাখ্যা করো।

- (b) Test the validity of the following argument by Venn diagram: 5

ভেনচিত্রের সাহায্যে যুক্তিটির বৈধতা বিচার করোঃ

All witnesses are prejudiced.

Some witnesses are not liars.

∴ Some liars are not prejudiced.

সকল সাক্ষীরাই কুসংস্কারাচ্ছন্ন।

কিছু সাক্ষী মিথ্যাবাদী নয়।

∴ কিছু মিথ্যাবাদী কুসংস্কারাচ্ছন্ন নয়।

- (c) Test by Venn diagram whether the following propositions are consistent or not: 5

ভেনচিত্রের সাহায্যে নিম্নোক্ত বাক্যগুলি সংগতিপূর্ণ কিনা দেখাওঃ

$$B \cap C = \Lambda$$

$$(A \cap C) \sim B = \Lambda$$

$$(A \cap B) \sim C = \Lambda$$

$$(A \cap B) \cup (A \cap C) \cup (B \cap C) \neq \Lambda$$

### SECTION-II / খণ্ড-২

4. (a) Use truth-tree method to determine the validity of the following sentence: 3

সত্যশাখা পদ্ধতির সাহায্যে নীচের বাক্যটির বৈধতা নির্ণয় করোঃ

$$(\exists u) (L \times x) \rightarrow (\exists x) (\exists y) L \times y.$$

- (b) Use truth-tree method to show that the following two sentences are logically equivalent: 2

সত্যশাখা পদ্ধতির সাহায্যে নিম্নলিখিত দুটি বাক্য যৌক্তিক সমার্থক কিনা দেখাওঃ

$$(\exists x) (Px \times Qx), (\exists x) Px \vee (\exists x) Qx$$

- (c) Test the following arguments for validity by Truth-tree method: 4+4

সত্যশাখা পদ্ধতির সাহায্যে নিম্নলিখিত যুক্তিগুলির বৈধতা বিচার করোঃ

Even if it rains, we will swim. Therefore, we will swim.

বৃষ্টি হলেও আমরা সাঁতার কাটবো, সুতরাং আমরা সাঁতার কাটবো।

$$(u) (x) (xTm \rightarrow uTm)$$

$$\text{— } uTm / \therefore \text{—} (\exists x) xTm.$$

- (d) Use truth-tree method to show that the following sentence is a logical truth: 2  
সত্যশাখা পদ্ধতির সাহায্যে নীচের বাক্যটির মধ্যে যৌক্তিক সমার্থতা দেখাওঃ  
 $(\exists x) (Px \vee Qx), (\exists x) Px \vee (\exists x) Qx$

5. Discuss fully the relation between philosophical logic and mathematical logic. 15  
দার্শনিক যুক্তিবিদ্যা এবং গাণিতিক যুক্তিবিদ্যার মধ্যে পার্থক্য সবিস্তারে আলোচনা করো।

(Practical Vedānta / ব্যবহারিক বেদান্ত)

Answer Question No. 1 and any one from the rest within 600 words

১ নং প্রশ্ন ও অপর যে-কোনো একটি প্রশ্নের উত্তর ৬০০ শব্দের মধ্যে দাও

1. Answer any *two* questions from the following within 150 words each: 5×2 = 10  
নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর প্রতিটি ১৫০ শব্দের মধ্যে দাওঃ
- (a) Explain the notion of ‘morality’ after Vedānta Tattva.  
বেদান্ততত্ত্ব অনুসরণ করে ‘নৈতিকতা’র ধারণাটি ব্যাখ্যা করো।
- (b) Is Advaitavāda contradictory to Dvaitavāda?  
অদ্বৈতবাদ কি দ্বৈতবাদের বিরোধী ?
- (c) Is the state of Advaita merely an ideology or can it be attainable? Discuss according to Vivekananda’s Vedānta.  
অদ্বৈত অবস্থা কি কেবল-ই আদর্শমাত্র, না কি কেউ এ অবস্থা সত্যি লাভ করতে পারেন ? বিবেকানন্দের বেদান্ত অনুসরণ করে লেখো।
- (d) Why do the notion of ‘Eternal Heaven’ and ‘Eternal Hell’ stand self-contradictory according to Practical Vedānta of Swami Vivekananda?  
স্বামী বিবেকানন্দের ব্যবহারিক বেদান্তে ‘অনন্ত স্বর্গ’ এবং ‘অনন্ত নরক’ -এর ধারণাকে কেন স্ববিরোধী বলা হয়েছে ?
- (e) What is ‘Aparoksānubhuti’ and how can it be attained? Briefly state after Vivekananda.  
‘অপরোক্ষানুভূতি’ কী ? কীভাবে তা লাভ করা যায় ? বিবেকানন্দকে অনুসরণ করে সংক্ষেপে ব্যাখ্যা করো।
- (f) How are Ātmavāda and Nairātnavāda reconciled in Advaita Vedānta?  
অদ্বৈতবেদান্তে কীভাবে আত্মবাদ ও নৈরাশ্রবাদের মধ্যে সমন্বয় করা হয়েছে ?
- (g) What is Īśvara according to Vedānta? Discuss briefly after Vivekananda.  
বেদান্তের ঈশ্বর কী ? বিবেকানন্দকে অনুসরণ করে সংক্ষেপে ব্যাখ্যা করো।
- (h) Briefly explain after Swamiji’s Practical Vedānta, ‘the ways of winning weaknesses’.  
স্বামীজীর ব্যবহারিক বেদান্ত অনুসরণ করে ‘দুর্বলতা জয় করার উপায়’ সম্বন্ধে সংক্ষেপে ব্যাখ্যা করো।
2. How can Vedāntic theory be the basis of ethics? Explain after Swami Vivekananda. 15  
বেদান্তিক তত্ত্ব কীভাবে নৈতিকতার ভিত্তি হতে পারে ? স্বামী বিবেকানন্দকে অনুসরণ করে আলোচনা করো।

3. Explain after 'Practical Vedānta', – the real nature of man. How is the concept of self-sacrifice deduced from the nature of man? 10+5  
প্রায়োগিক বেদান্ত অনুসরণে মানুষের প্রকৃত স্বরূপ কী — তা ব্যাখ্যা করো। মানব প্রকৃতি থেকে আত্মত্যাগের ধারণা কীভাবে নিঃসৃত হয়েছে ?
4. Explain how the anecdotes of Satyakāma and Upakośala of Chhāndogya Upanisada indicate the Practical Vedāntic view. 15  
ছান্দোগ্য উপনিষদের সত্যকাম এবং উপকোশলের কাহিনী দুটি কীভাবে প্রায়োগিক বৈদান্তিক ধারণাকে নির্দেশ করে তা ব্যাখ্যা করো।
5. Explain 'the ideal of Universal Religion' after Vivekananda's 'Practical Vedānta'. 15  
বিবেকানন্দের প্রায়োগিক বেদান্ত অনুসরণ করে 'বিশ্বজনীন ধর্মের আদর্শ' সম্পর্কে আলোচনা করো।

(Dharma : Rabindranath Tagore / ধর্ম : রবীন্দ্রনাথ ঠাকুর)

Answer Question No. 1 and any one from the rest within 600 words

১নং প্রশ্ন ও অপর যে-কোনো একটি প্রশ্নের উত্তর ৬০০ শব্দের মধ্যে দাও

1. Answer any *two* questions from the following within 150 words each: 5×2 = 10  
নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর প্রতিটি ১৫০ শব্দের মধ্যে দাও:
- (a) Explain the concept of *Brahma-Vihāra* after Rabindranath.  
রবীন্দ্রনাথকে অনুসরণ করে ব্রহ্মবিহারের ধারণাটি বিশ্লেষণ করো।
- (b) What is the way to overcome sufferings recommended by Rabindranath Tagore in his essay "Prāchīn Bhāratē Ekaḥ"?  
দুঃখকে অতিক্রম করার কোন পথের সন্ধান রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর "প্রাচীন ভারতের একঃ" প্রবন্ধে দিয়েছেন ?
- (c) Discuss in brief, after Rabindranath Tagore the two aspects of human nature.  
রবীন্দ্রনাথকে অনুসরণ করে মনুষ্য প্রকৃতির দুটি দিক সংক্ষেপে আলোচনা করো।
- (d) What does Tagore mean by 'freedom'?  
স্বাধীনতা বলতে রবীন্দ্রনাথ কী বুঝিয়েছেন ?
- (e) How does patriotism become an obstacle for humanity? Discuss briefly after Rabindranath.  
দেশপ্রেম কীভাবে মানবতার অন্তরায় হয় ? রবীন্দ্রনাথকে অনুসরণ করে সংক্ষেপে বর্ণনা করো।
- (f) "Actually acceptance and rejection, bondage and renunciation—both are equally true"— Explain in brief after Tagore.  
"বস্তুত গ্রহণ এবং বর্জন, বন্ধন এবং বৈরাগ্য, দুটিই সমান সত্য" – রবীন্দ্রনাথকে অনুসরণ করে সংক্ষেপে ব্যাখ্যা করো।
- (g) How does Rabindranath Tagore explain the four Āsramas?  
রবীন্দ্রনাথ ঠাকুর কীভাবে চতুরাশ্রমকে ব্যাখ্যা করেছেন ?

- (h) Briefly discuss different senses of the term *Duḥkha* following Tagore's essay 'Duḥkha'.  
রবীন্দ্রনাথের দুঃখ প্রবন্ধ অনুসরণ করে দুঃখের বিভিন্ন অর্থ সংক্ষেপে আলোচনা করো।
2. Which one is the day of festivity for human beings? Explain elaborately after Tagore's essay 'Utsaber Din'. 15  
মানুষের উৎসবের দিন কবে? রবীন্দ্রনাথের 'উৎসবের দিন' প্রবন্ধ অনুসরণে বিস্তারিত আলোচনা করো।
3. How does Rabindranath explain the diverse nature of the universe in his essay 'Prāchīn Bhārater Ekaḥ'? 15  
রবীন্দ্রনাথ কীভাবে তাঁর 'প্রাচীন ভারতের একঃ' প্রবন্ধে বিশ্বের বৈচিত্র্যকে ব্যাখ্যা করেছেন?
4. Explain the concept of 'genuine prayer' following Tagore's essay 'Prārthanā'. 15  
রবীন্দ্রনাথের "প্রার্থনা" প্রবন্ধ অনুসরণ করে যথার্থ প্রার্থনার ধারণাটি ব্যাখ্যা করো।
5. Critically explain Rabindranath Tagore's view on individualism following his essay "Tatah Kim". 15  
রবীন্দ্রনাথ ঠাকুরের ব্যক্তি স্বাতন্ত্র্যবাদ তাঁর 'ততঃকিম্' প্রবন্ধ অনুসরণ করে বিচারপূর্বক ব্যাখ্যা করো।

(Communist Manifesto / কমিউনিস্ট ম্যানিফেস্টো)

Answer Question No. 1 and any one from the rest within 600 words

১নং প্রশ্ন ও অপর যে-কোনো একটি প্রশ্নের উত্তর ৬০০ শব্দের মধ্যে দাও

1. Answer any *two* questions from the following within 150 words each: 5×2 = 10  
নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর প্রতিটি ১৫০ শব্দের মধ্যে দাও:
- (a) Explain the nature of family according to Marx and Engels.  
মার্কস ও এঙ্গেলসকে অনুসরণ করে পরিবারের প্রকৃতি বর্ণনা করো।
- (b) How is manufacture different from machinofacture?  
'ম্যানুফ্যাকচার'-এর সঙ্গে মেশিনোফ্যাকচারের প্রভেদ কী?
- (c) How do Marx and Engels criticise feudalistic socialism?  
মার্কস এবং এঙ্গেলস কীভাবে সামন্ততান্ত্রিক সমাজতন্ত্রের সমালোচনা করেছেন?
- (d) What is meant by 'forces of production'? What are the relations between production and forces of production?  
'উৎপাদন শক্তি' বলতে কী বোঝায়? উৎপাদন সম্পর্কের সঙ্গে উৎপাদন শক্তির সম্পর্ক কী?
- (e) Explain the revolutionary character of Capitalism.  
পুঁজিবাদের বৈপ্লবিক চরিত্র বর্ণনা করো।
- (f) What is the main factor of social change?  
সমাজ পরিবর্তনের মূল কারণটি কী?
- (g) Explain, in brief, the historical evolution of the proletariat.  
সর্বহারা শ্রেণীর ঐতিহাসিক বিবর্তনের সংক্ষিপ্ত বর্ণনা দাও।



2. “The history of all human society, past and present, has been the history of class struggles”. — Explain. 15  
“অতীত এবং বর্তমান, সমগ্র মানব ইতিহাস হল শ্রেণীসংগ্রামের ইতিহাস।” — ব্যাখ্যা করো।
3. Elucidate the main differences between Utopian Socialism and Scientific Socialism. 15  
কাল্পনিক ও বৈজ্ঞানিক সমাজতন্ত্রের মূল পার্থক্যগুলি বর্ণনা করো।
4. What, according to Marx and Engels, is the International task of the working class today? 15  
মার্কস ও এঙ্গেলসের মতে শ্রমিক শ্রেণীর বর্তমান আন্তর্জাতিক কর্তব্য কী ?
5. Write short notes on: (any *two*) / টীকা লেখোঃ (যে-কোনো *দুটি*) 7½×2=15
- (a) Materialist conception of history  
ইতিহাসের বস্তুবাদী ব্যাখ্যা
- (b) Dictatorship of the proletariat  
সর্বহারা শ্রেণীর একনায়কতন্ত্র
- (c) Attitude of Communists to different opposition parties.  
বিভিন্ন বিরোধী দলের প্রতি কমিউনিস্টদের মনোভাব।

**(Practical and Environmental Ethics / ব্যবহারিক এবং পরিবেশ নীতিবিদ্যা)**

**Answer Question No. 1 and any *one* from the rest within 600 words**

১ নং প্রশ্ন ও অপর যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর ৬০০ শব্দের মধ্যে দাও

1. Answer any *two* questions from the following within 150 words each: 5×2 = 10  
নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর প্রতিটি ১৫০ শব্দের মধ্যে দাওঃ
- (a) Distinguish between ‘Rights and Human Rights’. Are all Rights Human Rights?  
অধিকার এবং মানব অধিকারের মধ্যে পার্থক্য নির্ণয় করো। সমস্ত প্রকার অধিকারই কি মানব অধিকারের অন্তর্ভুক্ত ?
- (b) What do you mean by discrimination on the basis of Religion? Is it tenable from the view point of Ethics?  
ধর্মগত ভেদ-বৈষম্য বলতে কী বোঝো ? এরূপ বৈষম্য কি নীতিগতভাবে গ্রহণযোগ্য ?
- (c) What do you mean by Voluntary Euthanasia? Is it morally admissible? Explain fully.  
ঐচ্ছিক করুণাহত্যা কাকে বলে ? ঐচ্ছিক করুণাহত্যা নৈতিকভাবে সমর্থনযোগ্য কিনা তা আলোচনা করো।
- (d) Is there any argument in favour of morality of the preservation of Nature?  
প্রকৃতিকে সংরক্ষণ করার নৈতিকতার সপক্ষে কি কোনো যুক্তি আছে ?
- (e) What are the main differences between Liberal Feminism and Radical Feminism?  
উদারপন্থী ও রক্ষণশীল নারীবাদের মূল পার্থক্যগুলি কী কী ?

- (f) What are the arguments against Deep Ecology?  
গভীর বাস্তুতন্ত্রের বিরুদ্ধে যুক্তিগুলি কী কী ?
- (g) What are the arguments in favour of suicide?  
আত্মহত্যার সপক্ষে যুক্তিগুলি কী তা উল্লেখ করো।
- (h) Discuss whether there should be the moral status of the plants and trees.  
উদ্ভিদকুলের নৈতিক মর্যাদা থাকা উচিত কি ?
- (i) Is terrorism ethically acceptable?  
সন্ত্রাসবাদ কি নৈতিকভাবে সমর্থনীয় ?
- (j) Put forward the arguments against the discrimination on the basis of sex.  
লিঙ্গগত বৈষম্যের বিরুদ্ধে যুক্তিগুলি উপস্থাপিত করো।
2. Distinguish between Killing, Suicide and Euthanasia. What are the different forms of Euthanasia? Explain after Peter Singer. 3+12  
হত্যা, আত্মহত্যা এবং করুণাহত্যার মধ্যে পার্থক্য নির্ণয় করো। করুণাহত্যার বিভিন্ন রূপগুলি কী কী তা পিটার সিঙ্গারকে অনুসরণ করে আলোচনা করো।
3. What are the points of difference between Anthropocentrism and Non-Anthropocentrism moral theories regarding environment? 15  
মানবকেন্দ্রিক ও অমানবকেন্দ্রিক নৈতিক দৃষ্টিভঙ্গীর মধ্যে পার্থক্যগুলি উল্লেখ করো।
4. What do you mean by Human Rights? Discuss the main characteristics of Human Rights. 3+12  
মানবাধিকার বলতে কী বোঝায় ? মানবাধিকারের মূল বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।
5. What are the ends and means of a war? Do you need any special set of moral standards during war? 3+3+9  
যুদ্ধের লক্ষ্য ও উপায় বলতে কী বোঝায় ? যুদ্ধের সময় কি কোনো বিশেষ নৈতিক মানদণ্ড প্রয়োজন ?

**GROUP-B**

**(Full Marks-25)**

বিভাগ-খ

(পূর্ণমান-২৫)

6. Write an essay on any **one** of the following topics of Indian Philosophy: 25×1 = 25  
(Within 1500 to 2000 words)  
ভারতীয় দর্শনের নিম্নলিখিত বিষয়গুলির মধ্যে যে-কোনো **একটি** বিষয়ের উপর প্রবন্ধ লেখোঃ  
(১৫০০ থেকে ২০০০ শব্দের মধ্যে)
- (a) Pramāṇa in Indian Philosophy  
ভারতীয় দর্শনে প্রমাণ
- (b) Anekāntavāda vs. Syādvāda  
অনেকান্তবাদ বনাম স্যাৎবাদ

(c) Īśvara in Indian Philosophy

ভারতীয় দর্শনে ঈশ্বর

(d) Nature of Abhāva in Vaiśeṣika and Mīmāṃsā Philosophy.

বৈশেষিক ও মীমাংসা দর্শনে অভাবের বৈশিষ্ট্য।

OR / অথবা

7. Write an essay on any *one* of the following topics of Western Philosophy: 25×1 = 25  
(Within 1500 to 2000 words)

পাশ্চাত্য দর্শনের নিম্নলিখিত বিষয়গুলির মধ্যে যে-কোনো *একটি* বিষয়ের উপর নিবন্ধ লেখোঃ  
(১৫০০ থেকে ২০০০ শব্দের মধ্যে)

(a) Plato's Theory of Knowledge

প্লেটোর জ্ঞানতত্ত্ব

(b) Place of God in the Philosophy of Descartes and Spinoza

দেকার্ত ও স্পিনোজার দর্শনে ঈশ্বর

(c) Entailment theory vs. Constant Conjunction theory

প্রসঙ্গিতত্ত্ব বনাম নিয়ত পারস্পর্য তত্ত্ব

(d) Problem of metaphysics in Kantian Philosophy.

কান্টের দর্শনে অধিবিদ্যা সংক্রান্ত সমস্যা।

—x—